

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৫৭
আগরতলা, ৬ ডিসেম্বর, ২০২০

অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী বাহিনীর
ভূমিকা ও অবদান অবিস্মরণীয় : রাজস্বমন্ত্রী

আজ সারা দেশের সাথে রাজ্যেও ৫৮তম সর্বভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। রাজ্যের মূল অনুষ্ঠানটি হয় অরুন্ধতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি পুলিশ প্যারেড গ্রাউন্ডে। এখানে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজস্বমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা। উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক তথা কমান্ডেন্ট জেনারেল হোমগার্ডস ভি এস যাদব। অনুষ্ঠানে এডিজি রাজীব সিং সহ পুলিশের অন্যান্য পদস্থ আধিকারিকগণ, অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী বাহিনীর সংশ্লিষ্ট সকলে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী বাহিনীর পক্ষ থেকে অভিবাদন গ্রহণ করে রাজস্বমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা বলেন, প্রাকৃতিক দুর্যোগ, মনুষ্য সৃষ্ট কোনও দুর্যোগ, আইন-শৃঙ্খলা রক্ষা সহ অন্যান্য কাজে অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী বাহিনীর ভূমিকা ও অবদান অবিস্মরণীয়। বিশেষ করে ১৯৬২ সালে চিনের সাথে যুদ্ধ বা ১৯৭১ সালে পাকিস্তানের সাথে যুদ্ধে এই দুই বাহিনীর অবদান দেশ আজও স্মরণ করে। রাজ্যেও এই দুই বাহিনী প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা, শান্তি শৃঙ্খলা রক্ষা সহ অন্যান্য কাজ সাফল্যের সাথে পালন করছে।

অনুষ্ঠানে ৫৮তম সর্বভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী দিবস উদযাপন উপলক্ষে সবাইকে শুভেচ্ছা জানিয়ে রাজ্য পুলিশের মহানির্দেশক ভি এস যাদব সেই সকল বীর জওয়ান যারা দেশের জন্য আত্মবলিদান দিয়েছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি রাষ্ট্রের সুরক্ষায় এই দুই বাহিনীর নিরবচ্ছিন্ন অবদানের কথা উল্লেখ করে বলেন, রাজ্য সরকার হোমগার্ডসদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে তা পর্যায়ক্রমে বাস্তবায়ন করছে। অনুষ্ঠানে সিভিল ডিফেন্সের অধিকর্তা শরদিন্দু চৌধুরী এই দিবস উদযাপন উপলক্ষে রাজ্যপাল রমেশ বৈস ও মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের শুভেচ্ছাবার্তা পাঠ করে শোনান।
